গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ৯ জুলাই ২০১৫, ২৫ আষাঢ় ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার বিচারে বিশেষ ট্রাইব্যুনাল হবে : প্রধানমন্ত্রী

২। সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে সিন্ডিকেট ও দালাল চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৩। নিরাপদ সাইবার স্পেসের জন্য আন্তর্জাতিক চুক্তি জরুরি
: পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৪। আগামীকালের মধ্যে পোশাক শ্রমিকদের বেতন দেওয়ার নির্দেশ

৫। ব্রাজিলের গম নিতে বাধ্য করা যাবে না : হাইকোর্ট

৬। শিক্ষকদের মর্যাদা না বাড়লে বিশ্ববিদ্যালয় অশান্ত হবে : শিক্ষামন্ত্রীকে উপাচার্যদের হুঁশিয়ারি

৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ নেই : হাইকোর্ট

৮। আজ থেকে ট্রেনের অগ্রিম টিকেট বিক্রি শুরু

৯। প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক ছাপা তদারকি করবে সংসদীয় কমিটি

১০। পোশাক কারখানা সংস্কারে ৩৮৫ কোটি টাকার ঋণ

১১। তিন ধরনের বণ্ডের উৎসে কর প্রত্যাহার

১২। নাশকতার মামলায় ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়াসহ
বিএনপির ২৮ জনকে গ্রেফতারের নির্দেশ

চলমান পাতা/২

১। বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার বিচারে বিশেষ ট্রাইব্যুনাল হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, পেট্রলবোমা হামলার নির্দেশদানকারী বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া ও তাঁর সহযোগীসহ সকল অপরাধীর নামে দায়েরকৃত মামলাগুলো বিচার করার জন্য সন্ত্রাসবিরোধী আইন ২০০৯-এর ২৭ ধারা অনুযায়ী সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনাল গঠনের বিধান রয়েছে। ভবিষ্যতে উক্ত আইনের ২৭ ধারা অনুযায়ী ট্রাইব্যুনাল গঠনের পরিকল্পনা সরকারের রয়েছে। গতকাল ৮ জুলাই বুধবার দশম সংসদের ৬ষ্ঠ (বাজেট) অধিবেশনের ২৬তম কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে এক লিখিত প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব তথ্য জানান। সরকারি দলের এক প্রশ্নের জবাবে তিনি আরও জানান, দেশের বিভিন্ন স্থানে পেট্রলবোমা হামলার মামলার মধ্যে গুরুত্বপূর্ণ মামলাসমূহ দ্রুত বিচার ট্রাইব্যুনালে স্থানান্তরের ব্যবস্থা করা হবে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৭), যুগান্তর (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)। ইত্তেফাক, জনকণ্ঠ, ইনকিলাব, সমকাল, ডেইলি অবজারভার, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে সিন্ডিকেট ও দালাল চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

দেশের সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে সিন্ডিকেটের স্বেচ্ছাচারিতা ও বহিরাগত দালালচক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, সিন্ডিকেট ও দালালচক্রের দৌরাত্ম্য দমনে ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে পরিপত্র জারি করা হয়েছে। কোনো সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হলে ওই প্রতিষ্ঠানের প্রধান দায়বদ্ধ থাকবেন। গতকাল ৮ জুলাই বুধবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। পরে আর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, অনুমোদনহীন ব্লাড ব্যাংকের সন্ধান পাওয়া গেলে তা বন্ধ করে আইনের আওতায় আনা হবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৭), সমকাল (পৃ.২,ক.৫), ডেইলি সান (পৃ.২,ক.৬)।

৩। নিরাপদ সাইবার স্পেসের জন্য আন্তর্জাতিক চুক্তি জরুরি
: পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

অপরাধ ও সামরিক তৎপরতামুক্ত নিরাপদ সাইবার স্পেসের জন্য একটি আন্তর্জাতিক চুক্তি সম্পাদন করা জরুরি বলে মনে করছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেছেন, এ জন্য বিভিন্ন দেশের রাষ্ট্রনায়কসহ রাজনীতিবিদ ও চিন্তাবিদদের এগিয়ে আসা উচিত। গতকাল ৮ জুলাই বুধবার বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) মিলনায়তনে পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার-২০১৫ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পিআইবি ও প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে পরিচালিত অ্যাকসেস টু ইনফরমেশন প্রোগ্রামের (এটুআই) আওতায় তথ্য প্রযুক্তিবিষয়ক সংবাদ প্রচারের জন্য এ বছর পাঁচটি বিভাগে ছয় গণমাধ্যমকর্মীকে পুরস্কৃত করা হয়। সূত্র-প্রথম আলো (পৃ.৫,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২)।

৪। আগামীকালের মধ্যে পোশাক শ্রমিকদের বেতন দেওয়ার নির্দেশ

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, নির্দিষ্ট এ সময়ের মধ্যে পোশাক শ্রমিকদের বেতন-ভাতা প্রদানের জন্য মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে। তাই আগামী ১০ জুলাই শুক্রবারের মধ্যে পোশাক শ্রমিকদের বেতন এবং ১৪ জুলাইয়ের মধ্যে উৎসব ভাতা প্রদান করে আগামী ১৪ জুলাই থেকে পর্যায়ক্রমে পোশাক শ্রমিকদের ছুটি দিতেও বলা হয়েছে। শ্রমিকদের বেতন-ভাতা বুঝে নিতে দেশের সব শিল্পাঞ্চলের ব্যাংকগুলোকে ১৫ জুলাই পর্যন্ত খোলা রাখতে বলা হয়েছে। পাশাপাশি ঈদের ছুটিকালীন চুরি-ছিনতাই ও সড়ক-মহাসড়কে যানজট এড়াতে পুলিশ, র‍্যাব ও আনসারসহ আইনশৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া রাজধানীসহ দেশের গুরুত্বপূর্ণ সড়ক-মহাসড়কে সিসি টিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। গতকাল ৮ জুলাই বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ঈদুল ফিতর উপলক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত এক বৈঠক শেষে সাংবাদিকদের এই তথ্য জানান তিনি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), যুগান্তর (পৃ.২,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

৫। ব্রাজিলের গম নিতে বাধ্য করা যাবে না : হাইকোর্ট

ব্রাজিল থেকে আমদানি করা প্রায় চারশত কোটি টাকার গম কাউকে জোর করে দেওয়া যাবে না বলে আদেশ দিয়েছেন হাইকোর্ট। বরং ইতোমধ্যে বিভিন্ন কর্মসূচিতে বিতরণ করা ওই গম কেউ ফেরত দিতে চাইলে তা ফেরত নিতে বলেছেন আদালত। গতকাল ৮ জুলাই বুধবার বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই পর্যবেক্ষণ দিয়ে রিট আবেদনটি নিষ্পত্তি করে দেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। নিউ নেশন, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। শিক্ষকদের মর্যাদা না বাড়লে বিশ্ববিদ্যালয় অশান্ত হবে : শিক্ষামন্ত্রীকে উপাচার্যদের হুঁশিয়ারি

প্রস্তাবিত অষ্টম বেতন কাঠামো সংশোধন করে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মর্যাদা বাড়ানোর দাবি জানিয়েছে

বিশ্ববিদ্যালয় পরিষদ। অন্যথায় বিশ্ববিদ্যালয়গুলো অশান্ত হয়ে উঠতে পারে বলে শিক্ষামন্ত্রীকে জানিয়েছেন উপাচার্যরা। গতকাল ৮ জুলাই বুধবার বিশ্ববিদ্যালয় পরিষদের সঙ্গে শিক্ষামন্ত্রীর বৈঠকে এসব কথা উঠে আসে। বৈঠক থেকে দাবি বাস্তবায়নে প্রয়োজনে আন্দোলনে নামারও হুমকি দিয়েছেন উপাচার্যরা। শিক্ষামন্ত্রী উপাচার্যদের বলেছেন, আপনারা শান্ত থাকুন। বিষয়টি আমি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্টদের জানিয়েছি। এছাড়া নতুন বেতন কাঠামো এখনো চূড়ান্ত হয়নি। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.৩,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৬)।

৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ নেই : হাইকোর্ট

চলতি বছর এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ বন্ধ করে যে সিদ্ধান্ত নিয়েছিলো হাইকোর্ট তা সঠিক বলে রায় দিয়েছে। এ সংক্রান্ত রিট আবেদন খারিজ করে দিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চ গতকাল ৮ জুলাই বুধবার এই রায় ঘোষণা করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৮। আজ থেকে ট্রেনের অগ্রিম টিকেট বিক্রি শুরু

বাংলাদেশ রেলওয়ে পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে ঘরমুখী যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে আজ ৯ জুলাই বৃহস্পতিবার থেকে বিশেষ ব্যবস্থাপনায় ঢাকা ও চট্টগ্রাম রেলস্টেশন থেকে অগ্রিম টিকেট বিক্রি শুরু করবে। প্রতিদিন ছাড়া হবে ৪৮ হাজার টিকেট। একজন ব্যক্তি সর্বোচ্চ ৪টি টিকেট কিনতে পারবেন। তবে বিক্রি হওয়া টিকেট ফেরত নেওয়া হবে না। এদিকে টিকেট কালোবাজারি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে রেলওয়ে পুলিশ। এজন্য কমলাপুর রেলস্টেশনে খোলা হয়েছে কন্ট্রোল রুম। পুলিশের পাশাপাশি দায়িত্ব পালন করবে র‌্যাব। থাকবে ভ্রাম্যমাণ আদালতও। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৪), নিউ এজ (পৃ.৩,ক.২)।

৯। প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক ছাপা তদারকি করবে সংসদীয় কমিটি

প্রাথমিক স্তরের জন্য মানসম্মত পাঠ্যপুস্তক ছাপার বিষয়টি তদারকি করবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। আগের বছর নিম্নমানের বই ছাপানোর কারণে কমিটি এই সিদ্ধান্ত নিয়েছে। সংসদ সচিবালয়ের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। গতকাল ৮ জুলাই বুধবার সংসদ ভবনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কমিটি শিক্ষার্থীদের মধ্যে উন্নতমানের বই সরবরাহ করার সুপারিশ করেছে। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.১), যুগান্তর (পৃ.১৯,ক.৭), নিউজ টুডে (পৃ.২,ক.১)।

১০। পোশাক কারখানা সংস্কারে ৩৮৫ কোটি টাকার ঋণ

দেশের তৈরি পোশাক কারখানার সংস্কার কাজের জন্য প্রথমবারের মতো ঋণের ব্যবস্থা করল উত্তর আমেরিকার ক্রেতাদের জোট অ্যালায়েন্স ফর বাংলাদেশ ওয়ার্কার সেফটি। সব মিলিয়ে ঋণের পরিমাণ পাঁচ কোটি মার্কিন ডলার বা ৩৮৫ (প্রতি ডলার ৭৭ টাকা হিসেবে) কোটি টাকা। দেশের পাঁচটি বাণিজ্যিক ব্যাংক থেকে পোশাক কারখানা মালিকেরা এই ঋণ নিতে পারবেন। এসব ব্যাংক হচ্ছে ইবিএল, ব্র্যাক, প্রাইম, দ্য সিটি ও ইউসিবি। এ ঋণের ব্যাপারে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশনের (আইএফসি) সঙ্গে সমঝোতা চুক্তি করেছে অ্যালায়েন্স। যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন থেকে গত ৭ জুলাই মঙ্গলবার অ্যালায়েন্সের নিজস্ব ওয়েবসাইটে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র-প্রথম আলো (পৃ.১৩, ক.২), সমকাল (পৃ.১৪,ক.৬)।

১১। তিন ধরনের বণ্ডের উৎসে কর প্রত্যাহার

তিন ধরনের বণ্ডের ওপর থেকে উৎসে আয়কর প্রত্যাহার করা হয়েছে। এর ফলে এসব বণ্ডে বিনিয়োগের বিপরীতে যে সুদ পাওয়া যাবে, তা থেকে আর কোনো উৎসে কর কাটা হবে না। বাংলাদেশ ব্যাংক গতকাল ৮ জুলাই বুধবার এক নির্দেশনায় এ তথ্য জানিয়েছে। বণ্ড তিনটি হলো ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বণ্ড, ইউএস ডলার প্রিমিয়াম বণ্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বণ্ড। উৎসে আয়কর প্রত্যাহারের সিদ্ধান্তটি গত ১ জুলাই থেকে কার্যকর হয়েছে বলে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনায় বলা হয়েছে। অপর এক নির্দেশনায় বলা হয়েছে, বিদেশি ঋণের বিপরীতে জামিনদার ইস্যু করার ক্ষেত্রে এখন আর বাংলাদেশ ব্যাংকের অনুমোদন লাগবে না। তবে এ ধরনের ঋণ গ্রহণের ক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের অনুমোদন লাগবে। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.১৮,ক.১), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬)।

১২। নাশকতার মামলায় ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়াসহ বিএনপির ২৮ জনকে গ্রেফতারের নির্দেশ

রাজধানীর মিরপুর থানার নাশকতার মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়াসহ ২৮ জনের বিরুদ্ধে গ্রফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। গতকাল ৮ জুলাই বুধবার মামলার অভিযোগপত্র আমলে নিয়ে ঢাকার জ্যেষ্ঠ বিশেষ জজ আদালতের বিচারক কামরুল হোসেন মোল্লা এ আদেশ দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.৩,ক.৫), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ : ঢাকার দুই সিটি কর্পোরেশনে নানা আর্থিক অনিয়ম-দুর্নীতির যে অভিযোগ পাওয়া গেছে তা তদন্ত সাপেক্ষে কঠোর আইনি পদক্ষেপ নিয়ে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার সুপারিশ;

খ. ইত্তেফাক : দেশে নিরাপদ পানি নিশ্চিত করতে বিশুদ্ধ পানির উৎস নদ-নদী, খাল-বিল ও জলাশয় রক্ষায় কঠোর আইন প্রণয়নের পাশাপাশি বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহারের উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : টাঙ্গাইলের মির্জাপুরে প্রায় চার হাজার একর বনভূমি প্রভাবশালীরা দখল করে নিয়েছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে বনভূমি রক্ষায় সরকারি ব্যবস্থাপনা ও কঠোর আইনের যথার্থ প্রয়োগের পাশাপাশি গণসচেতনতা বৃদ্ধি প্রয়োজন বলে মন্তব্য;

ঘ. যায়যায়দিন, ডেইলি সান, নিউ নেশন : গ্রামীণ অবকাঠামো উন্নয়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য সিটি কর্পোরেশনের বাইরে ২৮৪ জন সংসদ সদস্যকে ২০ কোটি টাকা প্রদানের সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়িত হবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ঙ. ইনকিলাব : ব্রাজিল থেকে আমদানিকৃত নিম্নমানের গমের পর এবার ভারত থেকে আমদানিকৃত চালের খাদ্যমান পরীক্ষা না হওয়ার অভিযোগ পাওয়া যাওয়ায় এর সাথে জড়িতদের বিচারের আওতায় আনার দাবি;

চ. নিউজ টুডে : গার্মেন্টসে শ্রমিকদের নিরাপদ কর্মপরিবেশ যাতে নিশ্চিত হয় সংশ্লিষ্টদের এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ;

ছ. ডেইলি স্টার, নিউ এজ : ঈদে ঘরে ফেরা মানুষের যাত্রা যাতে নিরাপদ হয় সে ব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা;

জ. নিউ নেশন, ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস : প্রত্নতত্ত্ব রক্ষায় সরকারের সাথে সাথে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে পর্যাপ্ত প্রাকৃতিক সম্পদ না থাকলেও প্রশিক্ষিত ও দক্ষ জনশক্তি দেশের উন্নয়ন ঘটাতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত 'আইন-শৃঙ্খলা বাহিনীর পরিচয়ে ছিনতাই অপহরণ' শিরোনামের নিবন্ধে মোমিন মেহেদী আইনশৃঙ্খলা বাহিনীর পরিচয়ে ছিনতাই, অপহরণের ঘটনা যে হারে বেড়েছে তা নিয়ন্ত্রণ করা না গেলে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা